4

তারিখ 24 JUL ~~2012~~ 1996
পৃষ্ঠা ৬ কলাম ৫

আজকের কাগজ

# চট্টগ্রাম শহরের কাজেম আলী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**চট্টগ্রাম অফিস ঃ** চট্টগ্রাম শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত কাজেম আলী উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষের সীমাহীন দুর্নীতি, প্রশাসনিক অব্যবস্থা, প্রধান শিক্ষকের স্বেচ্ছাচারিতা ও অর্থ আত্মসাতের কারণে বিদ্যালয়টির অস্তিত্ব হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। বিদ্যালয়ের তহবিল বর্তমানে শূন্যের কোটায়। অবিশ্বাস্য হলেও সত্য, ব্যাংকের দেয়া সনদপত্র দেখা যায় ১৫ জানুয়ারি পর্যন্ত বিদ্যালয়ের সাধারণ তহবিলে মাত্র ১২ হাজার ৬৬ টাকা ৬ পয়সা জমা ছিলো। প্রধান শিক্ষক কর্তৃক জালিয়াতি ও বিভিন্ন খাতে মিথ্যে খরচ দেখিয়ে ১৮ লক্ষাধিক টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে। সূত্র জানায়, কাজেম আলী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিবুর রহমান চৌধুরী ১৯৯১ সালের ১০ আগস্ট দায়িত্বভার গ্রহণ করেন তার পূর্বের কর্মস্থল ,ভাটিয়ারি উচ্চ বিদ্যালয় থেকে অব্যাহতি না নিয়ে। দায়িত্ব গ্রহণের পর থেকে তার বিরুদ্ধে তহবিল নিয়ে ছিনিমিনি, দলাদলি, কোন্দল সৃষ্টিসহ নানা অভিযোগ উঠতে থাকে। ফলে বিদ্যালয়ে ছাত্রছাত্রী কমে যেতে থাকে। লেখাপড়ার মান অবনতির পথে প্রধান শিক্ষক মহিবুর রহমানের বিরুদ্ধে ১৮ লক্ষাধিক টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে। এ ব্যাপারে বিদ্যালয়ের ১০ জন শিক্ষক-শিক্ষিকা উপ পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতর চট্টগ্রাম অঞ্চল বরাবর অভিযোগপত্র প্রেরণ করেছে। উল্লিখিত টাকা জালিয়াতির মাধ্যমে বিভিন্ন খাতে মিথ্যে খরচ দেখিয়ে আত্মসাত করেছেন বলে দাখিলকৃত অভিযোগে বলা হয়। আরো অভিযোগ পাওয়া গেছে প্রধান শিক্ষকের এহেন বেআইনি অপকর্মের সহযোগিতা করছেন বিদ্যালয়ের শিক্ষক নুরুচ্ছালাম ও কতিপয় স্বার্থান্বেষী মহল। শুধু তাই নয়, বিদ্যালয় পরিচালনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও এখনো কোনো কমিটি গঠিত হয়নি। উল্লেখ্য ২০ ডিসেম্বর ৯৫' কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে। প্রধান শিক্ষকের এহেন অপকর্ম ও নানা অব্যবস্থার অভিযোগ এনে বিদ্যালয়ের ছাত্র-শিক্ষক অভিভাবকসহ মেয়াদ উত্তীর্ণ কমিটি, জেলা প্রশাসকসহ শিক্ষা বিভাগীয় কর্তৃপক্ষের কাছে একাধিক আবেদন করা হয়েছে। এসব অভিযোগের তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে বলে বার বার আশ্বাস দেয়া হলেও রহস্যজনক কারণে আজো কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ফলে ছাত্র-শিক্ষক অভিভাবকের মধ্যে চরম অসন্তোষ বিরাজ করছে। অভিযোগ আরো জানা যায়, প্রধান শিক্ষক মহিবুর রহমানে চৌধুরী তার পূর্বতন কর্মস্থল ভাটিয়ারি হাজী টিএইচ বিদ্যালয়ে হিসাব-নিকাশ বুঝিয়ে না দিয়ে কোনো অব্যাহতি পত্র না নিয়ে কাজেম আলী উচ্চ বিদ্যালয়ে যোগদান করেন। উল্লেখ্য, ১৮৮৫ সালে চট্টগ্রামের কৃতি সন্তান কাজেম আলী মাস্টার বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন।